# ইরান সফরে পেজেশকিয়ানের সঙ্গে বৈঠকে পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী



ছবি: সংগৃহীত

ইরান ও যুক্তরাষ্ট্রের চলমান সংঘাত নিরসনে কূটনৈতিক তৎপরতার অংশ হিসেবে তেহরান সফর করেছেন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মোহসিন নাকভি। সফরকালে তিনি ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে বৈঠক করেন।

মঙ্গলবার (১১ আগস্ট) তেহরানে পৌঁছালে পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীকে স্বাগত জানান পেজেশকিয়ান। পরে ইরানের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে অংশ নেন নাকভি। সেখানে দুই দেশের পারস্পরিক সম্পর্ক ও সহযোগিতার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

বৈঠকে রাজনৈতিক যোগাযোগের পাশাপাশি অর্থনীতি, বাণিজ্য, সংস্কৃতি ও নিরাপত্তা সহযোগিতা জোরদারের বিষয়ও গুরুত্ব পায়। একই সঙ্গে আঞ্চলিক পরিস্থিতি ও চলমান সংঘাত নিয়েও দুই পক্ষের মধ্যে মতবিনিময় হয়েছে।

ইরান-যুক্তরাষ্ট্র সংকট নিরসনে পাকিস্তান ও কাতার বর্তমানে মধ্যস্থতাকারী হিসেবে সক্রিয় রয়েছে। দুই দেশের কূটনৈতিক উদ্যোগের কারণে সংঘাতের অবসানে নতুন করে আলোচনার সম্ভাবনা তৈরি হয়েছে।

পাকিস্তানের পক্ষ থেকে দাবি করা হয়েছে, তেহরান ও ওয়াশিংটন কোনো ধরনের সমঝোতায় পৌঁছানোর কাছাকাছি রয়েছে। তবে এ বিষয়ে ইরানের পক্ষ থেকে এখনো আনুষ্ঠানিক কোনো প্রতিক্রিয়া জানানো হয়নি।